তারিখ : 17 OCT 2015
পৃষ্ঠা ৩ কলাম ৮

দৈনিক ইত্তেফাক

# ঢাবি ভর্তি পরীক্ষায় জালিয়াতি

## একজনকে কারাদণ্ড, আরেকজনকে থানায় সোপর্দ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের 'গ' ইউনিটের অধীনে প্রথম বর্ষ সম্মান শ্রেণির ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরে মোট ৫৬টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় জালিয়াতির ঘটনায় এক পরীক্ষার্থীকে এক বছরের কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। জালিয়াতির সাথে জড়িত থাকায় আরেকজনকে থানায় সোপর্দ করা হয়েছে। তাঁর বিরুদ্ধে মামলা করবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কারাদণ্ড হওয়া ওই শিক্ষার্থীর নাম সঞ্জয় কুমার সাহানী আর থানায় আটক হওয়া শিক্ষার্থীর নাম মেহেদী হাসান। তার বাবা মোজাম্মেল হক।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের লেকচার থিয়েটার কেন্দ্রে সঞ্জয় কুমার সাহানী এবং মেহেদী হাসান (বাবা: জাহিদুল ইসলাম) নামের দুই ভর্তিচ্ছুকের পরীক্ষার রোলনম্বর একই পাওয়া যায়। বিষয়টি জানতে পেরে কেন্দ্রে কর্তব্যরত পরিদর্শকরা তাদের বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসে পাঠিয়ে দেয়। পরে জিজ্ঞাসাবাদের ভিত্তিতে জানা যায়, সঞ্জয়ের নামে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার কোন রেকর্ড নেই। তাই তাকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে সাজা দেয়া হয়। আর মেহেদী হাসানকে ছেড়ে দেয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ ঘটনায় জড়িত থাকায় মেহেদী হাসান নামের (বাবা: মোজাম্মেল হক) আরেকজনকে আটক করে শাহবাগ থানায় সোপর্দ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তারা তিনজন একে অপরের বন্ধু।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এএম আমজাদ বলেন, এ ঘটনায় তিনজনকে আটক করা হয়। পরে জিজ্ঞাসাবাদের ভিত্তিতে এদের একজনকে একবছরের কারাদণ্ড, আরেকজনকে থানায় সোপর্দ করা হয় এবং অন্যজনকে ছেড়ে দেয়া হয়। এদিকে গতকাল সকাল ৭টার দিকে বিশ্ববিদ্যালয়ের শাহনেওয়াজ হোস্টেলে অভিযান চালায় বিশ্ববিদ্যালয় প্রশাসন। তবে সেখান থেকে কাউকে আটক করা হয়নি।

গতকাল বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, 'গ' ইউনিটের অধীনে প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। এই ইউনিটে ১ হাজার ১৭০টি আসনের জন্য মোট ৪৩ হাজার ২৪২ জন ভর্তিচ্ছু পরীক্ষা দেয়।

**আজ 'চ' ইউনিটের অঙ্কন পরীক্ষা :** আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিট-এর অধীনে প্রথম বর্ষ বিএফএ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষা (অঙ্কন) অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত চারুকলা অনুষদে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'চ' ইউনিটে ১৩৫টি আসনের সাধারণ জ্ঞান পরীক্ষায় উত্তীর্ণ ৪৯৬ জন পরীক্ষার্থী অঙ্কন পরীক্ষায় অংশগ্রহণ করবে। ভর্তি পরীক্ষার আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।